দৈনিক খবর

তারিখ ...0.6 NOV 1991
পৃষ্ঠা··· ২ ··· কলাম



ঢাকা বিশ্ববিদ্যালয়

# পরীক্ষার জন্যে শিক্ষক সমিতির কর্মসূচী শিথিল করার সিদ্ধান্ত

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাস্টার্স ও অনার্স সমাপনী পরীক্ষাসমূহ শিক্ষকদের চলমান কর্মবিরতির আওতা বহির্ভূত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তবে সকল পরীক্ষাসমূহ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নির্ধারিত প্রথায় পরীক্ষাসমূহ অনুষ্ঠানের পক্ষে মত প্রকাশ করা হয়।

গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত

২ এর পাতায় দেখুন

## পরীক্ষার জন্যে

প্রথম পৃষ্ঠার পর

শিক্ষক সমিতির এক জরুরী সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়।

শিক্ষক সমিতির সভায় পরীক্ষা অনুষ্ঠানের সুষ্ঠু পরিবেশ ও সকল পরীক্ষার্থী ও পরীক্ষাকার্যে নিয়োজিত শিক্ষকদের পূর্ণ নিশ্চয়তা নিশ্চিত করার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি দাবী জানানো হয়। অন্যথায় পরীক্ষাসমূহ গ্রহণে জটিলতা দেখা দিতে পারে।

সভায় শিক্ষকবৃন্দ বলেন, তারা বিশ্ববিদ্যালয়ে সর্বদাই শিক্ষা, গবেষণা ও পরীক্ষা কার্যক্রম নিয়মিতভাবে চালিয়ে যেতে প্রস্তুত কিন্তু গত ২৭শে অক্টোবর ও তার আগে বিভিন্ন সময়ে ক্যাম্পাসে সংঘটিত ভয়াবহ সন্ত্রাসী ঘটনার ফলে সৃষ্ট বর্তমান চরম নিরাপত্তাহীন পরিস্থিতির কারণেই শিক্ষকগণ কর্মবিরতি পালনে বাধ্য হচ্ছেন। তার প্রশাসন কর্তৃক সন্ত্রাস দমনে কার্যকর পদক্ষেপ না নেয়া পর্যন্ত কর্মবিরতি চালিয়ে যাবার সিদ্ধান্ত গ্রহণ করেন। গত কয়েকদিন যাবৎ বিশ্ববিদ্যালয়ের অনার্স ও মাস্টার্স সমাপনী পরীক্ষার্থীরা বিভিন্ন মহলের সাথে আলোচনা করলে শিক্ষক সমিতি এ ধরনের সিদ্ধান্ত গ্রহণ করে।

অপরদিকে বিবদমান দু'টি ছাত্র সংগঠনের কর্মীদের মধ্যে উত্তেজনা বৃদ্ধি পাওয়ার কারণে অনেকেই বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে পরীক্ষা অনুষ্ঠানের ব্যাপারে অনাগ্রহ প্রকাশ করেছে। কারণ, তাতে তাদের নিরাপত্তার অভাব দেখা দিতে পারে। এ জন্য কয়েকদিন পূর্বে পরীক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এম মনিরুজ্জামান মিঞার কাছে প্রয়োজনবোধে ক্যাম্পাসের বাইরে পরীক্ষা গ্রহণের জন্য অনুরোধ করেন। উপাচার্য ছাত্রদের এ ব্যাপারে বিভিন্ন মহলের সাথে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করার আশ্বাস দিয়েছিলেন।